



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ০৪ জুন ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

মানিকছড়িতে ইউপিডিএফ সংগঠক ভূবন ত্রিপুরাকে গ্রেফতারের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অংগ্য মারমা আজ বৃহস্পতিবার, ৪ জুন ২০২০ এক বিবৃতিতে জেলার মানিকছড়িতে ইউপিডিএফের রামগড় উপজেলা ইউনিটের সংগঠক ভূবন ত্রিপুরা ওরফে অপুকে (৪৩) গ্রেফতারের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং অবিলম্বে তাকে মুক্তির দাবি করেছেন।

বিবৃতিতে তিনি বলেন, আজ বিকাল ৩টার দিকে সাংগঠনিক কাজে গেলে মানিকছড়ি উপজেলার বাটনাতলী ইউনিয়নের ন'ভাঙা নামক স্থান থেকে ৩টি মোটর সাইকেলযোগে গিয়ে সাদা পোশাকধারী বাটনাতলী ক্যাম্পের একদল সেনাসদস্য তাকে গ্রেফতার করে নিয়ে যায়।

বিবৃতিতে তিনি উদ্বেগ প্রকাশ করে বলেন, পার্বত্য চট্টগ্রামে ইউপিডিএফের ওপর পরিকল্পিতভাবে রাজনৈতিক দমন-পীড়ন চালানো হচ্ছে। এরই অংশ হিসেবে নেতা-কর্মীদের প্রতিনিয়ত অন্যায়ভাবে ধরপাকড় করা হচ্ছে।

বিবৃতিতে তিনি অবিলম্বে ভূবন ত্রিপুরাকে নিঃশর্ত মুক্তির দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)